# বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ১১২

পর্ব - ১ঃ পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৮. গোসল ও যৌন অপবিত্র ব্যক্তির (জুনুবী) হুকুম - মৃতকে গোসল দিলে গোসল করার বিধান

আরবী

وَعَنْ عَائِشَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا قَالَتْ: كَانَ النَّبِيَّ ـ صلى الله عليه وسلم ـ يَغْتَسِلُ مِنْ أَرْبَعٍ: مِنَ الْجَنَابَةِ, وَيَوْمَ الْجُمُعَةِ, وَمِنَ الْحِجَامَةِ, وَمِنْ غُسْلِ الْمَيِّتِ. رَوَاهُ أَبُو دَاوُدَ, وَصَحَّحَهُ ابْنُ خُزَيْمَةَ

ضعيف. رواه أبو داود (348)، وابن خزيمة (256)، والحديث عند أبي داود من فعله، وعند ابن خزيمة من قوله

বাংলা

১১২। ’আয়িশা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম চারটি কারণে গোসল দিতেন। জুনুবী (সঙ্গমের ফলে অপবিত্র) হলে, জুমু’আহর দিবসে, সিঙ্গা লাগালে ও মৃতকে গোসল দিলে’। আবূ দাউদ, ইবনু খুযাইমাহ একে সহীহ বলেছেন।[1]

## English

Narrated ‘Aisha (rad):
Allah’s Messenger (ﷺ) used to take a bath from four things; after sexual intercourse, on Fridays, after extracting blood from his body and after washing a dead body. [Reported by Abu Da’ud and Ibn Khuzaima graded it Sahih (sound)]

ফুটনোট

[1] যঈফ। আবু দাউদ ৩৪৮; ইবনু খুযাইমাহ ২৫৬; আব্দুর রহমান মুবারকপুরী তুহফাতুল আহওয়ায়ী (৩/৪২৯) গ্রন্থে হাদীসটিকে দুর্বল বলেছেন। ইমাম সানয়ানী সুবুলুস সালাম (১/৩৩৩) গ্রন্থে বলেন, এর সনদে মুসয়াব বিন শাইবাহ রয়েছে যিনি বিতর্কিত। শায়খ আলবানী যঈফ আবু দাউদ ৩৪৮, সুনান আবু দাউদ ৩১৬০ গ্রন্থে হাদীসটিকে দুর্বল বলেছেন। মুহাদ্দিস আযীমাবাদী তাঁর আওনুল মা'বুদ (৮/২৪৩) গ্রন্থে হাদীসটিকে দুর্বল বলেছেন। ইবনু হাজার আসকালানী আত্-তালখীসুল হাবীর (২/৫৮৭) গ্রন্থে এর শাহেদ থাকার কথা উল্লেখ করেছেন। শায়খ আলবানী তাখরীজ মিশকাতুল মাসাবীহ (৫১৬) গ্রন্থে এর সনদ সম্পর্কে বলেন, এটি মুসলিমের শর্তনুযায়ী।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=69923

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন